

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫০

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (১ হ্রানাহ্ (১

পরিচ্ছেদঃ ১১০: উযূর জ্যোতি

جِلْيَةُ الْوُضُوءِ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكٍ، عَنْ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ إِلَى الْمَقْبُرَةِ، فَقَالَ: السَّلَامُ عَلَيْكُمْ دَارَ قَوْمٍ مُوْمِنِينَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ بِكُمْ لَاحِقُونَ، وَدِدْتُ أَنِّي قَدْ رَأَيْتُ إِخْوَانَنَا ؟ قَالُوا: يَا رَسُولَ مُؤْمِنِينَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ بِكُمْ لَاحِقُونَ، وَدِدْتُ أَنِّي قَدْ رَأَيْتُ إِخْوَانَنَا ؟ قَالُوا: يَا رَسُولَ اللَّهِ، أَلَسْنَا إِخْوَانَكَ ؟ قَالَ: بَلْ أَنْتُمْ أَصْحَابِي، وَإِخْوَانِي الَّذِينَ لَمْ يَأْتُوا بَعْدُ وَأَنَا فَرَطُهُمْ عَلَى الْحُونِ مَنْ يَأْتِي بَعْدَكَ مِنْ أُمَّتِكَ ؟ قَالَ: عَلَى الْحَوْضِ ، قَالُوا: يَا رَسُولَ اللَّهِ، كَيْفَ تَعْرِفُ مَنْ يَأْتِي بَعْدَكَ مِنْ أُمَّتِكَ ؟ قَالَ: عَلَى الْحَوْضِ ، قَالُوا: يَا رَسُولَ اللَّهِ، كَيْفَ تَعْرِفُ مَنْ يَأْتِي بَعْدَكَ مِنْ أُمَّتِكَ ؟ قَالَ: أَرَأَيْتَ لَوْ كَانَ لِرَجُلٍ خَيْلٌ غُرٌّ مُحَجَّلَةٌ فِي خَيْلٍ بُهُم دُهْمٍ، أَلَا يَعْرِفُ خَيْلُهُ ؟ قَالُوا: بَلَى، قَالُوا: بَلَى الْوَصْوَ وَأَنَا فَرَطُهُمْ عَلَى الْحَوْضِ . قَالُوا: بَلَى الْمُونَ وَانَا فَرَطُهُمْ عَلَى الْحَوْضِ . قَالُوا: بَلَى، قَالَ: فَإِنَّهُمْ يَأْتُونَ يَوْمَ الْقِيَامَةِ غُرًّا مُحَجَّلِينَ مِنَ الْوُضُوءِ وَأَنَا فَرَطُهُمْ عَلَى الْحَوْضِ .

تخريج دارالدعوه: صحيح مسلم/الطهارة ۱۲ (۲۲۹) مطولاً، سنن ابى داود/الجنائز ۸۳ (۳۲۳۷)، سنن ابن ماجم/ الزهد ۳۱ (۳۳۰۳)، (تحفة الأشراف: ۱۲۰۸۱)، وقد أخرجم: موطا امام مالك/الطهارة ٦ (۲۸)، مسند احمد ۲/۳۰، ۳۷۵، ۴۰۸ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 150 _ صحيح

বাংলা

১৫০. কুতায়বাহ্ (রহ.) আবৃ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) একবার কবরস্থানের দিকে গেলেন। (তথায় উপস্থিত হয়ে) তিনি বললেন, হে মু'মিন সম্প্রদায়ের ঘরের অধিবাসী! তোমাদের ওপর সালাম, আমরাও ইনশা-আল্ল-হ তোমাদের সঙ্গে মিলিত হবো। আমি আশা করি আমার ভাইদেরকে দেখতে পাব। উপস্থিত সাহাবায়ি কিরাম জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! আমরা কি আপনার ভাই নই? তিনি (সা.) বললেন, বরং



তোমরা আমার সাহাবী। আর আমার ভাই হলো যারা পরবর্তীকালে আসবে, আর আমি হাওযে কাওসারে তাদের অগ্রবর্তী হবো। তারা বললেন, হে আল্লাহর রসূল! আপনার যে সকল উম্মত পরবর্তীকালে আসবে আপনি তাদের কিভাবে চিনবেন? তিনি (রাঃ) বললেন, তোমরা বলতো একদল কালো ঘোড়ার মধ্যে যদি কোন লোকের সাদা চেহারা ও সাদা হস্তপদ বিশিষ্ট ঘোড়া থাকে তবে কি সে লোক তার ঘোড়া চিনে নিতে পারবে না? তারা বললো, হ্যাঁ। তিনি (সা.) বললেন, কিয়ামতের দিন উযূর দরুন তাদের হস্তপদ উজ্বল হবে। আর আমি হাওযে কাওসারের কাছে তাদের অগ্রগামী হবো।

English

110. The Jewelry Of Wudu'

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) went out to the graveyeard and said: Peace be upon you, abode of believing people. If Allah wills, we shall join you soon. Would that I had seen our brothers. They said: O Messenger of Allah, are we not your brother? He said: You are my Companions. My brothers are those who have not come yet. And I will reach the Hawd before you. They said: O Messenger of Allah, how will you know those of your Ummah who come after you? He said: Don't you think that if a man has a horse with a white blaze and white feet among horses that are solid black, he will recognize his horse? They said: Of course. He said: They will come on the Day of Resurrection with glittering white faces and glittering white hands and feet because of Wudu', and I will reach the Hawd before them.

ফুটনোট

সহীহ: মুসলিম ২৪৯, আবূ দাউদ ৩২৩৭, ইবনু মাজাহ ৪৩০৬, মুসনাদে আহমাদ ৭৯৮০, বায়হাকী'র "সুনানুল কুবরা" (৪/৭৮), মুসনাদে আবী 'আওয়ানাহ (১/১৩৮), ইরওয়াউল গালীল ৭৭৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন